


২০১৮-১৯ অর্থবছরে বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ (আইএমইডি) কর্তৃক উদ্ভাবনী উদ্যোগ/ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প (SIP) বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদনঃ

ক্রম	উদ্ভাবনী উদ্যোগ/ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প (SIP) -এর নাম	১০ মার্চ ২০১৯ তারিখ পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি
(০১)	(০২)	(০৩)
০১	Creating Institutional E-Memory and Effective Documentation of IMED Activities	মেন্টরের দিকনির্দেশনানুযায়ী আইডিয়াটি বাস্তবায়নের জন্য উদ্ভাবক কর্মপরিকল্পনা অনুসারে পাইলটিং কার্যক্রম শুরু করেন। শুরুতে ১টি পৃথক সফটওয়্যারের মাধ্যমে আইডিয়া বাস্তবায়নের উদ্যোগ নেয়া হলেও বিভাগের সচিব এবং মেন্টরের সাথে পরামর্শক্রমে বিভাগে বাস্তবায়নাধীন Project management Information System (PMIS) সফটওয়্যারের সহায়তায় ২ জন ডেস্ক অফিসারের মাধ্যমে আইডিয়াটির পাইলটিং কার্যক্রম শুরু হয়। উক্ত সফটওয়্যারে পর্যায়ক্রমে এডিপিভুক্ত সকল উন্নয়ন প্রকল্পের তথ্য লাইভে আনার কাজ চলমান রয়েছে। এ প্রক্রিয়ার ধারাবাহিকতায় আইএমইডি এর Institutional E-Memory তৈরী সম্পন্ন হবে। পরবর্তীতে Effective Documentation এর মাধ্যমে আইএমইডি'র কার্যক্রমকে আরও দৃশ্যমান করা হবে। একই সাথে শতভাগ ই-ফাইলিং কার্যক্রম বাস্তবায়ন নিশ্চিত করার জন্য আইএমইডি হতে সংশ্লিষ্ট ডেস্ক অফিসারদেরকে প্রয়োজনীয় কারিগরি সহায়তা, লজিস্টিক সাপোর্ট এবং প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এসকল কার্যক্রমের মাধ্যমে ডেস্ক অফিসারগণ ফাইলিং কার্যক্রমের এবং প্রকল্প সংশ্লিষ্ট তথ্য এবং ডকুমেন্ট এর একটি শক্তিশালী Institutional E-Memory তৈরী হবে এবং এর Effective Documentation নিশ্চিত হবে।
০২	Audiovisual Monitoring Manual for IMED Officials	বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ এর কর্মকর্তাগণ বার্ষিক উন্নয়ন কর্মসূচিভুক্ত প্রকল্প সমূহের পরিবীক্ষণ ও মূল্যায়ন কার্যক্রম সম্পন্ন করে থাকে। এ ছাড়াও সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা/প্রকল্প দপ্তরও পরিবীক্ষণ কাজে সম্পৃক্ত থাকেন। বিষয়ভিত্তিক পূর্বধারণা/জ্ঞান না থাকায় ক্ষেত্র বিশেষে ধারণা প্রসূত মতামত, পর্যবেক্ষণ এবং প্রয়োজ্য ক্ষেত্রে ল্যাবটেস্ট করার ক্ষেত্রে নমুনা সংগ্রহ করা হয়। ফলে কোন কোন ক্ষেত্রে প্রকল্পের অর্থবহ পরিবীক্ষণ ও মূল্যায়ন নিশ্চিত করা সম্ভব হচ্ছেনা। পরিবীক্ষণ ও মূল্যায়ন কার্যক্রম আরও অর্থবহ এবং ফলপ্রসূ করার জন্য আইএমইডি হতে ইতোমধ্যে বিভিন্ন মন্ত্রণালয়ের কার্যক্রম সমূহকে পাঁচটি ক্লাস্টারে বিভক্ত করে পাঁচটি পৃথক-পৃথক মনিটরিং ম্যানুয়েল প্রণয়নের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। ম্যানুয়েল প্রণয়নের কার্যক্রম শেষ পর্যায়ে রয়েছে। পাঁচটি ম্যানুয়েল প্রণয়নের পর-পরই অডিওভিজুয়াল টিওটোরিয়াল প্রণয়ন করে মনিটরিং কার্যক্রমকে সংশ্লিষ্ট সকলের নিকট সহজবোদ্ধ করা সম্ভব হবে।

  
 ২০/৬/২০১৯  
 শেখ মোঃ আব্দুর রহমান  
 উপ-পরিচালক  
 বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ  
 পরিকল্পনা মন্ত্রণালয়  
 গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার